# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২১১৯

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৩৮. খাওয়ার সময় জুতা-স্যান্ডেল খুলে রাখা প্রসঙ্গে

بَاب فِي خَلْعِ النِّعَالِ عِنْدَ الْأَكْلِ

### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا عُقْبَةُ بْنُ خَالِدٍ عَنْ مُوسَى بْنِ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ حَدَّثَنِي أَبِي عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا وُضِعَ الطَّعَامُ فَاخْلَعُوا نِعَالَكُمْ فَإِنَّهُ أَرْوَحُ لِأَقْدَامِكُمْ

### বাংলা

২১১৯. আনাস ইবনু মালিক রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যখন খাবার পেশ করা হয়, তখন তোমরা তোমাদের জুতা-সেণ্ডেল খুলে রাখবে, কেননা, এটাই তোমাদের পদযুগলের জন্য অধিক আরামদায়ক।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদে দু’টি ত্রুটি বিদ্যমান। এক. মূসা ইবনু মুহাম্মদ মুনকারুল হাদীস। এবং দু’ই. মুহাম্মদ ইবনু ইবরাহীম আবূ হুরাইরা (হবে আনাস) হতে কিছু শোনেননি।

তাখরীজ: তাবারাণী, আল আওসাত নং ৩২২৬- মাজমাউল বাহরাইন নং ৪০৩৭; হাকিম ৪/১১৯। হাকিম বলেন, এ হাদীসের সনদ সহীহ যদিও তারা এটি বর্ণনা করেননি।’ তার কথাকে খণ্ডন করে যাহাবী বলেন, ‘আমি বলছি: আমার মতে এটি মাওযু’ বা জাল। এর সনদ অন্ধকারাচ্ছন্ন। আর মূসাকে দারুকুতনী পরিত্যাগ করেছেন।’; মুসনাদুল মাউসিলী নং ৪১৮৮ ও মু’জামুশ শুয়ূখ নং ৩০২; বাযযার, কাশফুল আসতার নং ২৮৬৭। এ সনদে দাউদ ইবনু যাবারক্বান রয়েছে, সে মাতরুক, একাধিক মুহাদ্দিস তাকে মিথ্যাবাদী আখ্যায়িত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82402

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন